

মাদ্রাসায় বিএড এমএড কোর্স চালু করা হবে

যাযাদি রিপোর্ট

মাদ্রাসার শিক্ষার্থীদের জন্য বিএড ও এমএড কোর্স চালু করা হবে। বুধবার কুটিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে সারাদেশে ফাজিল (সহান) পরীক্ষার প্রথমদিন মাদ্রাসা ই আলীয়া কেন্দ্র পরিদর্শনকালে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ কথা জানান। দেশের ৩১টি সিনিয়র মাদ্রাসা কেন্দ্রে পাঁচটি বিষয়ে প্রথমবারের মতো স্নাতক কোর্সে এবার মোট এক হাজার ৫১২ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করছে।

এ সময় কুটিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম আলফাউদ্দিন, মাদ্রাসা ই আলীয়ার অধ্যক্ষ জমিয়্যতুল মোদারেহিনের মহাসচিব মওলানা শাকির আহমেদ মোমতাজী প্রমুখ উপস্থিত ছিলেন। পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলোচকালে শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকারের সময় জাতীয় শিক্ষানীতির আলোকে এবতেদায়ী সমাপনী ও জেডিসি পরীক্ষা চালু করা হয়েছে। নতুন কারিকুলাম প্রণয়ন, আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা, এক হাজার মাদ্রাসার একাডেমিক ভবন নির্মাণ, কোর্স : পৃষ্ঠা ৪ কলাম ২

কোর্স : মাদ্রাসায়

(প্রথম পৃষ্ঠার পর)

পৃথক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর চালু করার উদ্যোগ নেয়া হয়েছে বলে জানান। তিনি বলেন, সাধারণ শিক্ষার সঙ্গে সমন্বয় করে মাধ্যমিক স্তরে বাংলা ও ইংরেজিতে ১০০ নাম্বরের স্থলে ২০০ নাম্বর করা হয়েছে। মাদ্রাসা শিক্ষার গুণগত পরিবর্তনে আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত ৩৫টি মডেল মাদ্রাসা বাস্তবায়ন, জেডিসিতে বৃত্তি ব্যবস্থা চালু করাসহ নানা যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছে।

প্রসঙ্গত ২০১০-১১ শিক্ষাবর্ষে দেশের ৩১টি সিনিয়র মাদ্রাসায় প্রথম অনার্স কোর্স চালু করে। একলোতে প্রথম ক্লাস শুরু হয়েছে ২৬ ফেব্রুয়ারি। অনার্স চালু করা পাঁচটি বিষয় হলো- আল-কোরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল-হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দাওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং আরবি ভাষা ও সাহিত্য।